একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল আধিপ্তর
প্রশাসন শাখা
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

স্মারক নং ৩৭.০৭.০০০০.০০৮.৪০.৪৭৭.১৮ (পার্ট-৭)-৯১৪

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারগণ-কে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি প্রদানকারী প্রতিষ্ঠানকে ২০২৬-২০২৭ অর্থবছরের নবায়নের লক্ষ্যে পিপিআর'২০০৮ এবং সংশোধিত গেজেট ২০২৫ মোতাবেক নির্ধারিত ফি জমাদানের জন্য নিম্নবর্ণিত ছকে প্রদত্ত সময়সূচি অনুযায়ী অনলাইন নবায়ন প্রদানপূর্বক " **নবায়ন সনদ** " সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো:

| ঠিকাদারের শ্রেণি | বিনা জরিমানায় নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ | ৫০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ | ১০০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| এ-১ (এ-ওয়ান)/ এ-২ (এ-টু) | ৩০/১০/২০২৬ | ৩০/১১/২০২৬ | ৩১/১২/২০২৬ | সরকারি বিধি মোতাবেক ভ্যাটসহ নবায়ন ফি পরিশোধ করতে হবে। |

২.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট (https://eedmoe.gov.bd) রাইট মেনুতে অবস্থিত " **ঠিকাদার অনলাইন তালিকাভুক্তি ও নবায়ন** " নামে লিংকে রেজিস্ট্রেশন ও লগইন করে অনলাইন নবায়ন ফরম পূরণ, প্রয়োজনীয় দলিলাদি আপলোড ও দাখিল করতে হবে।

৩.০ লাইসেন্স নবায়ন নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানকে পিপিআর-এর বিধান মোতাবেক অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকা (মহিলা উদ্যোক্তা ও মালিকানার ক্ষেত্রে ১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) লাইসেন্স ফি এবং বিধি মোতাবেক ভ্যাট তালিকাভুক্ত জেলা কার্যালয়ের কোডে "এ চালান" এর মাধ্যমে জমা দিয়ে সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইনে আপলোড পূর্বক নবায়ন নিশ্চিত করতে হবে।

৪.০ আগামী ১২/০৮/২০২৬খ্রি. তারিখ হতে সফটওয়ারে অনলাইন নবায়ন কার্যক্রম শুরু করা যাবে। অনলাইন নবায়ন নির্দেশিকা ২৬ এবং নবায়ন ফ্লোচার্ট অনুযায়ী প্রয়োজনীয় তথ্য পূরণ ও দলিলাদি আপলোড করতে হবে।

৫.০ উল্লেখ্য, ৩১/১২/২০২৬ তারিখের পরে ২০২৬-২০২৭ অর্থবছরের এবং যারা ২০২৫-২০২৬ অর্থবছর বা পূর্ববর্তী বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন/হবেন, তাদের-কে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণপূর্বক নবায়ন ফি জমা দিতে হবে।

৬.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

Plz Upload

( মো: শহীদুল হক চৌধুরী )
উপপরিচালক (প্রশাসন)
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর